গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১ (অংশ-১).২৪-২৯৭

তারিখ: ২৪ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
০৮ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

বিষয়ঃ ৫ম গণবিজ্ঞপ্তি-২০২৪ এর প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন ফরম (ভি-রোল) অনলাইনে দাখিল সংক্রান্ত নির্দেশনা।

এতদ্বারা এনটিআরসিএ কর্তৃক ৫ম গণবিজ্ঞপ্তি-২০২৪ এর প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, পুলিশ/সিকিউরিটি ভেরিফিকেশনের জন্য প্রত্যেক প্রার্থীকে পুলিশ ভেরিফিকেশন ফরম (ভি-রোল) অনলাইনে পূরণ করে আবশ্যিকভাবে অনলাইনে দাখিল করতে হবে। এ জন্য প্রত্যেক প্রার্থীকে https://scs.ssd.gov.bd/job-security-login লিংকে ক্লিক করে টেলিটক বিডি লিঃ কর্তৃক নির্বাচিত প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে প্রেরিত ভি-রোল সংক্রান্ত User ID ও Password ব্যবহার করে Online Security Clearence System-এ প্রবেশ করে ফরম পূরণ করা যাবে। **অথবা** এনটিআরসিএ-এর ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) ৫ম গণবিজ্ঞপ্তি-২০২৪ নামক সেবা বক্সের **অনলাইন পুলিশ ভেরিফিকেশন লগইন** মেনুতে ক্লিক করে ফরম পূরণ করা যাবে। পুলিশ ভেরিফিকেশন ফরম (ভি-রোল) কোনক্রমেই হাতে হাতে, ডাকযোগে, কুরিয়ার সার্ভিসে কিংবা ই-মেইলে গ্রহণ করা হবে না। অনলাইন পুলিশ ভেরিফিকেশন ফরম (ভি-রোল) পূরণ নির্দেশিকা ৫ম গণবিজ্ঞপ্তি-২০২৪ নামক সেবা বক্সে পাওয়া যাবে। উক্ত ফরমটি নির্ভুলভাবে পূরণ করে আগামী ২৪/০৭/২০২৪ তারিখের মধ্যে অনলাইনে দাখিল (Submit) করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে উল্লিখিত পদ্ধতিতে অনলাইনে কোন প্রার্থী ভি-রোল ফরম দাখিল (Submit) না করলে সংশ্লিষ্ট প্রার্থীকে নিয়োগ সুপারিশের জন্য বিবেচনা করা হবে না।

০৮/০৭/২০২৪

(মোঃ শাহীন আলম চৌধুরী)
উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২৯.